

## চুরি

অনেক দিনের কথা—  
শেষ শান্তনের অশ্রুবীণায়  
বাজ্ছিল, হায়, সে কি নিবিড় ব্যথা !  
অন্ধকারে বিশ্বখানা  
উঠেছিল কাণায় কাণায় পূরে,  
শনশনিয়ে পূবের হাওয়া  
বইছিল সে হাহাকারের সুরে ॥  
সুদূর তেপাস্তুর,  
নিরীক্ষা এক শিরীষবনে  
শিউলীতলায় একটা ছোট ঘর ;  
কেউ সেখা নাই, আমি একা  
ছন্দে গাঁথি চোখের জলের দাম,  
সুর দি়ে তার কথাগুলি  
বাঁধছি ব'সে, সাধ্ছি স্বরগ্রাম,  
এমন সময়, হায়,  
পলকে ধান ভেঙে গেল,  
প'ড়ল বাধা গোপন সাধনায় !  
রুদ্ধ দুয়ার কে যেন মোর  
ধাক্কা দিয়ে হঠাৎ দিল খুলে :  
নিবে গেল দীপটা আমার,  
মনটা আমার উঠল কেমন হলে ।

ধড়ফড়িয়ে উঠে

জ্বাল্ব আলো, এমন সময়

ঘর থেকে সে বেরিয়ে গেল ছুটে ;

প্রদীপ জ্ব'লে দেখি আমার

বড় সাধের কবিতাটা নাই !

সেই থেকে মোর চ'লে গে'ছে

কাব্যলেখার দারুণ বাতিকটাই ।

অধ্যাপক শ্রীশ্যামাপদ চক্রবর্তী, এম্-এ,  
বিজ্ঞানভূ, সাহ্যভূষণ ।

